



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া  
[www.nasirnagar.brahmanbaria.gov.bd](http://www.nasirnagar.brahmanbaria.gov.bd)



স্মারক নং- ০৫.৪২.১২৯০.০০৪.৯৯.০৪৫.২২- ৭

তারিখঃ ০৪ ফালুন ১৪২৮  
১৭ ফেব্রুয়ারি ২০২২

### ঃ নৌকাঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ৎ

স্থানীয় সরকার বিভাগের ১৯/০৮/২০০৩ ইং তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নম্বর স্মারকে প্রণীত/ জারীকৃত নীতিমালার আলোকে নাসিরনগর উপজেলাধীন নিম্নোক্ত নৌকাঘাটসমূহ ১৪২৯ বাংলা সনের ১(পহেলা) বৈশাখ হতে ৩০ (ত্রিশ) তে পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে নিম্নোক্ত তারিখে, সময়ে ও শর্তাধীনে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক সর্বসাধারণের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

#### সময়সূচি ৎ

দরপত্র বিজ্ঞপ্তির ক্রম	দরপত্র বিত্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	২৮.০২.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	০১.০৩.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	০১.০৩.২০২২ খ্রি. বেলা- ২.০০ ঘটিকা
২য় পর্যায়	১০.০৩.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	১১.০৩.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	১১.০৩.২০২২ খ্রি. বেলা- ২.০০ ঘটিকা
৩য় পর্যায়	২১.০৩.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	২২.০৩.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	২২.০৩.২০২২ খ্রি. বেলা- ২.০০ ঘটিকা
৪থ পর্যায়	৩১.০৩.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	০১.০৪.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	০১.০৪.২০২২ খ্রি. বেলা - ২.০০ ঘটিকা
৫ম পর্যায়	০৬.০৪.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৭.০৪.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	০৭.০৪.২০২২ খ্রি. বেলা - ২.০০ ঘটিকা

১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানযোগ্য নৌকাঘাটসমূহের তালিকা, সরকারি মূল্য ও দরপত্রের মূল্য ৎ-

নং	নৌকা ঘাটের নাম	আওতাধীন ইউনিয়নের নাম	সরকারি মূল্য	দরপত্রের মূল্য (অফেরতযোগ্য)
১.	নাসিরনগর বাজার নৌকাঘাট	নাসিরনগর সদর ইউনিয়ন	৫,৯৭,১৯৫/-	১,৮০০
২.	ফান্ডাউক নৌকাঘাট	ফান্ডাউক ইউনিয়ন	৯১,৪৮৪/-	৫০০

#### শর্তাবলী ৎ

- দরদাতাকে উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর এর নামে উদ্বৃত্ত মূল্যের ২৫% হারের অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।
- সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে ডাকের অবশিষ্ট সমুদয় অর্থ ও ১৫% হারের ভ্যাটের টাকা আবশ্যিক ভাবে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত স্বরূপ জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে এবং পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
- লীজ গ্রহীতা কর্তৃক ডাকের সমুদয় অর্থ ও ১৫% হারে ভ্যাটের টাকা পরিশোধের পর ঘাটের দখল ভূমি ব্যবস্থাপনা ম্যানেজেল ১৯৯১ এর নির্দিষ্ট ফরমে চুক্তিনামার মাধ্যমে প্রদান করা হবে।
- ইজারা প্রাপ্ত নৌকা ঘাট কোন ক্রমেই সাব লীজ দেওয়া যাবেনা। যদি অনুরূপ কোন কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ পরিলক্ষিত হয় তবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। এ ক্ষেত্রে অবশিষ্ট সময়ের জন্য নৌকা ঘাট পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে।
- নৌকা ঘাটে যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত (দ্রুত্যান) নৌযান সরবরাহ ও উঠানামার জন্য লীজ গ্রহীতা নীজ খরচে যাবতীয় ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ করবেন।

চলমান-০২

৫. উল্লিখিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে রাস্কিত দরপত্র বাস্তে দরপত্র দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোনওভাবেই দরপত্র গ্রহণযোগ্য হবে না।
৬. নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্ত খোলা হবে।
৭. কোন রকম ঘষা মাজা, কাঁটাছেড়া, ওভাররাইটিং ও অস্পষ্ট দরপত্র গ্রহণযোগ্য হবে না।
৮. পূর্ববর্তী বছরের লীজের ও সরকারের অন্য কোন খাতের টাকা অপরিশোধিত থাকলে তা সম্পূর্ণ পরিশোধ করে দরপত্র ত্রয় করা যাবে।
৯. ১ম তারিখে দরপত্র গ্রহণের পর অ-ইজারাকৃত নৌকাঘাটের জন্য পরবর্তী ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং দরপত্র গ্রহণের তারিখ গুলোতে এ কার্যধারা অব্যাহত থাকবে।
১০. বছরের যে সময়েই নৌকাঘাট ইজারা হটক তা ১৪২৯ বাংলা সনের ০১ (পহেলা) বৈশাখ হতে ৩০ (ত্রিশ) চেত্র পর্যন্ত কার্যকর বলে গণ্য হবে।
১১. দর দাতাকে খামের উপর নৌকা ঘাটের নাম উল্লেখ করতে হবে।
১২. দরপত্র নির্ধারিত তারিখে ও সময়ে অত্রাফিস হতে নামের পার্শ্বে উল্লিখিত মূল্যে ত্রয় (অফেরতমোগ্য) করা যাবে।
১৩. হানীয় পাটনী/নৌকা মাঝি সমিতি/মাঝি পেশার সাথে জড়িত ব্যক্তিবর্গ সম্ভাব্য ইজারামূল্যে নৌকাঘাটটি ইজারা নিতে ইচ্ছুক না হলে সর্বসাধারণ ইজারা ডাকে অংশগ্রহণ করতে পারবেন। তবে হানীয় পাটনী/নৌকা মাঝি সমিতি/মাঝি পেশার সাথে জড়িত ব্যক্তিবর্গ সম্ভাব্য ইজারামূল্যে নৌকাঘাটটি ইজারা নিতে ইচ্ছুক হলে সর্বসাধারণ ইজারা ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
১৪. কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

*জালিমা খাতুন  
১৭/০২/২২*

হালিমা খাতুন  
উপজেলা নির্বাহী অফিসার  
নাসিরনগর, ব্রাক্ষণবাড়িয়া  
ফোন : ০৮৫২৬-৫৬০০১  
[unonasirnagar@gmail.com](mailto:unonasirnagar@gmail.com)  
০৮ ফাল্গুন ১৪২৮  
তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২২

স্মারক নং- ০৫.৪২.১২৯০.০০৮.৯৯.০৪৫.২২- ১৮

অনুলিপি ৪ সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে।

- ১। জেলা প্রশাসক, ব্রাক্ষণবাড়িয়া।
- ২। পুলিশ সুপার, ব্রাক্ষণবাড়িয়া।
- ৩। সিভিল সার্জন, ব্রাক্ষণবাড়িয়া।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাসিরনগর।
- অনুলিপি ৫: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
- ৫। উপজেলা- কর্মকর্তা, নাসিরনগর। নোটিশ বোর্ডে প্রদর্শন ও বহুল প্রচারের জন্য।
- ৬। চেয়ারম্যান- (সকল) ইনিয়ন পরিষদ, নাসিরনগর। বহুল প্রচারের ব্যবস্থার জন্য।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা- ইউনিয়ন ভূমি অফিস। ঢেল-সহরতের মাধ্যমে হাট বাজার ও জনসমাগম স্থানে বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য এবং প্রচার শেষে জারীর প্রতিবেদন অত্রাফিসে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।
- ৮। জনাব- গ্রাম- উপজেলা-  
নাসিরনগর জেলা-ব্রাক্ষণবাড়িয়া। ( বাংলা সনের লীজ গ্রহিতা) নৌকা ঘাট।
- ৯। নোটিশ বোর্ড।

*জালিমা খাতুন  
১৭/০২/২২*

উপজেলা নির্বাহী অফিসার  
নাসিরনগর, ব্রাক্ষণবাড়িয়া।